

ঢাকা ওয়াসা


- ১। মডস জোন-২ এর অনুকূলে বাজেট বরাদ্দের কপি।
 ২। পূর্বানুমোদিত দরের কপি।
 ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।


বিষয়: Procurement of reagents for use in the laboratory of Chandnighat Water Treatment Plant under MODS Zone-2, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগারের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) মাধ্যমে পানি পরিশোধন করে পুরাতন ঢাকাবসীদের সরবরাহ করা হচ্ছে। বুড়িগঙ্গা নদীর পানি পরিশোধন কাজে ঢাকা ওয়াটার ওয়ার্কসে বিভিন্ন প্রসেস কেমিক্যাল অর্থাৎ এলাম, লাইম, ব্রিচিং পাউডার, ক্লোরিন গ্যাস ও পলিমার (ম্যাক্স ফ্লোক-টি) ব্যবহার করা হচ্ছে। পানির বিভিন্ন প্যারামিটার পরীক্ষা করার জন্য ঢাকা ওয়াটার ওয়ার্কসে একটি ল্যাবরটরী রয়েছে। উক্ত ল্যাবরটরীতে পানির বিভিন্ন প্যারামিটার (যেমন: Temperature, Dissolved oxygen, PH, Conductivity, Turbidity, Ammonia, Nitrate, Free Chlorine, Total Chlorine) পরীক্ষা করা হয়। পানি পরিশোধন কাজে জীবানু ধ্বংস করার জন্য ক্লোরিন গ্যাস ব্যবহার করা হয়। ক্লোরিনের মাত্রা অর্থাৎ Free Chlorine & Total Chlorine জানার জন্য DPD I Rapid tablets ও DPD Free Chlorine reagent ব্যবহার করা হয়। ঢাকা ওয়াটার ওয়ার্কসের ল্যাবরটরীতে অল্প পরিমাণ DPD I Rapid tablets ও DPD Free Chlorine reagent রয়েছে। তাই পানিতে ক্লোরিনের মাত্রা জানার জন্য উল্লেখিত রিএজেন্ট প্রয়োজন। উক্ত রিএজেন্ট ক্রয় করার জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ২৪,৩০০.০০ (চব্বিশ হাজার তিনশত) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে।

২। আলোচ্য কাজের খরচ ২০২৬-২৭ইং অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "Chemicals" খাতের থেকে বরাদ্দ হতে বাজেটভুক্ত করা হবে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ১০০ (১) মোতাবেক আলোচ্য সরাসরি নগদ ক্রয় কাজটির অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ার ভুক্ত।


৩। এমতাবস্থায়, Procurement of reagents for use in the laboratory of Chandnighat Water Treatment Plant under MODS Zone-2, Dhaka WASA কাজ বাবদ সর্বমোট ২৪,৩০০.০০ (চব্বিশ হাজার তিনশত) মাত্র নির্বাহী প্রকৌশলী, মডস জোন-২ এর অনুকূলে সরাসরি নগদে প্রদানের অনুমোদনের জন্য পেশ করা হল। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


 ০২/০৬/২৬
 মোঃ ওমর ফারুক
 উপ-সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডস জোন-২, ঢাকা ওয়াসা


 ০২/০৬/২৬


 ০২/০৬/২০২৬
 মোহাম্মদ নজরুল ইসলাম
 নির্বাহী প্রকৌশলী
 মডস জোন-২
 ঢাকা ওয়াসা।

SE/MDS-1


 ০৬/০৬/২৬
 মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।


 ০৩/০৬/২০২৬
 আলমগীর হাছিন আহমেদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।

SE/MDS-2